159

দৈনিক বাংলা

তারিখ ... ২: ৯: ৭১ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

# ঢাকা ভার্সিটি ১৭ই সেপ্টেম্বর আবার খুলছে

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ আগামী ১৭ই সেপ্টেম্বর থেকে পুনরায় শুরু হবে। আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য হলসমূহ ১৬ই সেপ্টেম্বর সকাল দশটায় খুলে দেয়া হবে।

(৫-এর পৃঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

গতকাল, শনিবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা এতে সভাপতিত্ব করেন। প্রফেসর মিঞা সিন্ডিকেট সদস্যদের জানান যে, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার ফলে ছাত্র-ছাত্রীদের শিক্ষাজীবন বিপর্যস্ত হওয়ার আশংকা দেখা দিয়েছে। এ ছাড়া অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার জন্যে অভিভাবক ও ছাত্র-ছাত্রীসহ বিভিন্ন মহল থেকে চাপ অব্যাহত রয়েছে। তবে তিনি সিন্ডিকেট সদস্যদের স্মরণ করিয়ে দেন, যে সব কারণে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে গিয়েছিল তা এখনও দূর হয়নি।

সিন্ডিকেট সভায় এক প্রস্তাবে ক্যাম্পাসে আইন-শৃংখলা পরিস্থিতি যাতে সশস্ত্র সংঘর্ষে রূপ না নেয় সেজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানানো হয়। অপর এক প্রস্তাবে ক্যাম্পাসের সামগ্রিক পরিবেশ যাতে শিক্ষা কার্যক্রমের অনুকূল থাকে সে জন্য ছাত্র সংগঠন, রাজনৈতিক দলসমূহ এবং অভিভাবকদের সহযোগিতাও কামনা করা হয়। এক বিজ্ঞপ্তিতে এ খবর জানানো হয়।